গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
(প্রশাসন শাখা)
www.doict.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০৪.১৮-১৫৩৩

তারিখঃ ০৬ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ / ২০ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **আগামী ১২ ডিসেম্বর ২০১৮ তারিখে "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস" উদযাপন সংক্রান্ত।**

সূত্র: ০১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্মারক নং ৫৬.০০.০০০০.০২৬.২৩.০৪২.১৭-১৩৬; ১৫/১১/২০১৮ খ্রিস্টাব্দ তারিখের আন্তঃমন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী।
০২। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৪১৬.২৩. ০০১.১৭.৫৬৩; তারিখ: ১২/১২/২০১৭ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টেকসই ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে আইসিটি'র সর্বোত্তম ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ, প্রযুক্তিগত অবকাঠামো নির্মাণসহ নির্ভরযোগ্য কানেক্টিভিটি প্রতিষ্ঠার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ নানামুখী কার্যক্রম পরিচালনায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এছাড়াও আইসিটি ভিত্তিক উন্নয়ন প্রতিষ্ঠায় বাংলাদেশের অর্জিত সাফল্য ও আউটসোর্সিং খাতে দেশের সক্ষমতা বহির্বিশ্বের কাছে তুলে ধরা, দেশের অর্থনৈতিক সম্ভবনাকে কাজে লাগানো, জিডিপি প্রবৃদ্ধি ইত্যাদি বিষয়েও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কাজ করে যাচ্ছে। তথ্যপ্রযুক্তি খাতে অর্জন ও জনগণের মাঝে এর তাৎপর্য তুলে ধরার নিমিত্ত গত ২৭/১১/২০১৭ খ্রিস্টাব্দ তারিখে মন্ত্রীসভা বৈঠক কর্তৃক সূত্রস্থ ০২ নং স্মারক মোতাবেক ১২ ডিসেম্বর দিনটিকে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস (National ICT Day) পালনের সদয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সে মোতাবেক গত ১২/১২/২০১৭ খ্রিস্টাব্দ তারিখ দেশব্যাপী ১ম বারের মত জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস পালিত হয়। তারই ধারাবাহিকতায়, তথ্যপ্রযুক্তি খাতে অর্জন, SDG ও জিডিপি প্রবৃদ্ধিতে এ খাতের অবদান এবং বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে দিবসটির গুরুত্ব জনগণের মাঝে তুলে ধরার নিমিত্ত আগামী **১২** ডিসেম্বর ২০১৮ তারিখে ২য় বারের মত দেশব্যাপি জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস পালন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস ২০১৮" সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য বলা হলোঃ

১) "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস ২০১৮" এর প্রতিপাদ্য বিষয় নিম্নরূপ:

**"ডিজিটাল বাংলাদেশ হবে**
**বঙ্গবন্ধুর সোনার বাংলা"**

২) সংশ্লিষ্ট জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস উদ্‌যাপনের সার্বিক বিষয়ের তদারকি করবেন জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণ।

৩) র‍্যালী, চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতার আয়োজনের জন্য জেলা পর্যায় ২০,০০০/- এবং উপজেলা পর্যায় ১০,০০০/- বরাদ্দ রয়েছে। দিবসটি উপলক্ষে সকল জেলা ও উপজেলায় প্রশাসনের উদ্যোগে বর্ণাঢ্য র‍্যালী আয়োজন করতে হবে।

৪) জেলা পর্যায়ে ১০০টি করে মোট ৬৪০০টি টি-শার্ট ও ক্যাপ বরাদ্দ রয়েছে। সরবরাহকৃত টি-শার্ট ও ক্যাপগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।

৫) অগ্রীম প্রচারের নিমিত্ত জেলা পর্যায়ে ২টি এবং উপজেলা পর্যায়ে ১টি করে ব্যানার প্রদর্শন করতে হবে।

**৬) দিবস উপলক্ষে সদর উপজেলা ব্যতীত জেলা ও উপজেলা পর্যায়ে নিম্নরূপ প্রতিযোগিতা আয়োজন করতে হবেঃ**

| গ্রুপ | শ্রেণি | প্রতিযোগিতার ধরণ | বিষয় |
|---|---|---|---|
| ক | ১ম হতে ৫ম | চিত্রাংকন প্রতিযোগিতা | ডিজিটাল বাংলাদেশ |
| খ | ৬ষ্ঠ হতে ১০ম | রচনা প্রতিযোগিতা | ডিজিটাল বাংলাদেশ |

**চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা আয়োজনের নির্দেশনাসমূহঃ**

- জেলা পর্যায়ে জেলা প্রশাসক সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি ও শিক্ষা)-কে আহ্বায়ক এবং প্রোগ্রামার বা সহকারী প্রোগ্রামারকে সদস্য সচিব করে ৯ বা ১১ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করবেন (প্রয়োজনে সদস্য সংখ্যা বাড়ানো বা কমানো যেতে পারে)।

- উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার নিজে আহ্বায়ক এবং সংশ্লিষ্ট সহকারী প্রোগ্রামারকে সদস্য সচিব করে ৯ বা ১১ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে কার্যক্রম নির্বাহ করবেন (প্রয়োজনে সদস্য সংখ্যা বাড়ানো বা কমানো যেতে পারে)।

৭) বরাদ্দকৃত অর্থ সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে।

৮) আইসিটি অধিদপ্তর হতে "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস ২০১৮" আয়োজনের ফোকাল পয়েন্ট হিসেবে জনাব মোস্তাইন বিল্লাহ (উপসচিব), উপ-পরিচালক (প্রশাসন) (মোবাইল: ০১৭৫২০৩৯৫৭২) দায়িত্ব পালন করবেন। এছাড়া প্রশাসনিক বিষয়ে সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার (প্রশাসন) (মোবাইল: ০১৯১৮১০১৮৮৫, ০১৫৫২৩৪৮৪৬৫) এবং আর্থিক বিষয়ে বিষয়ে জনাব মোঃ শরীফুল ইসলাম, সহকারী পরিচালক (অর্থ) (মোবাইল: ০১৭১৩৪৯৪৬৬১, ০১৫৫০০২৮২১৯) তথ্য কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

৯) জাতীয় স্বার্থে বিষয়টি অতীব জরুরী।

২০/১১/১৮

এ কে এম খায়রুল আলম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮০-২-৮১৮১১০০ (অফিস)
ই-মেইল: dg@doict.gov.bd

**বিতরণ:**

১। জেলা প্রশাসক (সকল), ...................................................................।

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ......................................................।

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।

২। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৩। অতিরিক্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৪। প্রকল্প পরিচালক, "সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন" প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৫। প্রকল্প পরিচালক, "প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায় প্রকল্প", তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৬। পরিচালক (অর্থ ও প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৭। ড. মুহাম্মদ মেহেদী হাসান, উপসচিব (আইসিটি প্রমোশন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৮। মন্ত্রীর একান্ত সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১। উপ-পরিচালক (অর্থ/ প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন/ সিস্টেম ও প্রশিক্ষণ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১২। সিস্টেম্‌স ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

১৩। জেলা শিক্ষা অফিসার, .................................................................. (ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের র‍্যালী এবং চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৪। উপজেলা শিক্ষা অফিসার, ............................................................ (ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের র‍্যালী এবং চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

১৬। অফিস নথি/ মাস্টার ফাইল।